

সমবেত হওয়ার আদেশনামা



বর্ডার গার্ড বাংলাদেশের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নের লক্ষ্যে পরিবীক্ষণ কমিটি গঠন প্রসঙ্গে

১। ২০২৩-২০২৪ অর্থ বছরের বর্ডার গার্ড বাংলাদেশের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) কার্যকরভাবে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নবর্ণিত অফিসারগণের সমন্বয়ে একটি পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করা হলো :

ক। সভাপতি : অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), প্রশাসন শাখা, ঢাকা।

খ। সদস্যবৃন্দ :

(১) পরিচালক (অপারেশন), অপারেশন উইং, ঢাকা।

(২) অতিরিক্ত পরিচালক (প্রশাসন), প্রশাসন পরিদপ্তর, ঢাকা - ফোকাল পয়েন্ট কর্মকর্তা।

(৩) অতিরিক্ত পরিচালক (শিক্ষা), প্রশিক্ষণ উইং, ঢাকা।

(৪) সহকারী পরিচালক (পরিকল্পনা), অপারেশন উইং, ঢাকা - সদস্য সচিব।

২। উপরোল্লিখিত সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির কোন কর্মকর্তা বদলী/অন্য কোন কারণে পরিবর্তন হলে স্থলাভিষিক্ত সমপদমর্যাদার কর্মকর্তা কমিটিতে অন্তর্ভুক্ত হবেন। উক্ত কমিটি নিম্নবর্ণিত কর্মসম্পাদন করবেন :

ক। ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সভা আয়োজন করবে।

খ। পরিবীক্ষণ কমিটি ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন করবে।

গ। পরিবীক্ষণ কমিটি গৃহীত সিদ্ধান্ত কার্যকরভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা নিয়মিত পর্যালোচনা ও হালনাগাদ করবে।

ঘ। সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নের অগ্রগতি বিষয়ে দপ্তর/সংস্থার প্রধানকে অবহতি করবে।

ঙ। সেবা প্রদান প্রতিশ্রুতি ফোকাল পয়েন্ট কর্মকর্তা সেবা প্রদান সংক্রান্ত সকল প্রশাসনিক কার্যাদি সম্পাদন করবেন, মন্ত্রণালয়/বিভাগের সাথে যোগাযোগের বিষয়ে সমন্বয়কের দায়িত্ব পালন করবেন এবং দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত তথ্যাদি ওয়েবসাইটে হালনাগাদ থাকার বিষয়টি নিশ্চিত করবেন।

৩। আপনাদের অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

মোহাম্মদ ইফতেখার হোসেন
পরিচালক (প্রশাসন)
মহাপরিচালকের পক্ষে
diradmin@bgb.gov.bd

সদর দপ্তর বর্ডার গার্ড বাংলাদেশ

প্রশাসন শাখা

প্রশাসন পরিদপ্তর, ঢাকা

দূরলাপনী : ৯৬৫০০০১ বর্ধিত ২১৮৪

www.bgb.gov.bd

নথি নং ৪৪.০২.১২০৫.০০৪.০২.৩৩৯.২৩. ৮৬৪/২

২২ শ্রাবণ ১৪৩০

২৬ জুলাই ২০২৩

বিতরণ :

কার্যক্রম :

সভাপতি/সদস্যবৃন্দ

অপারেশন পরিদপ্তর

প্রশিক্ষণ পরিদপ্তর, ঢাকা

অবগতি :

মহাপরিচালকের সচিবালয়, ঢাকা

অতিরিক্ত মহাপরিচালকের অফিস, ঢাকা